

# অনির্দিষ্টকালের জন্য বন্ধ স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি

অনলাইন ডেস্ক

২৪ আগস্ট,  
২০২৪ ০৯:৩৩

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

স্ট্যামফোর্ড ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ফাতিমাজ ফিরোজ পদত্যাগ করেছেন। এ কারণে বেসরকারি বিশ্ববিদ্যালয়টি অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। শুক্রবার (২৩ আগস্ট) রাতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার মুহাম্মদ আব্দুল মতিনের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্ট্যামফোর্ড ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান পদত্যাগ করেছেন।

সৃষ্ট এ পরিস্থিতিতে ২৪ আগস্ট থেকে বিশ্ববিদ্যালয়ের সব কার্যক্রম ও অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হলো।

স্বাভাবিক পরিস্থিতি ফিরলে ক্যাম্পাস পুনরায় খুলে দেওয়া হবে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তারা জানান, আওয়ামী লীগ সরকার পতনের পর শিক্ষার্থী ও শিক্ষকরা বোর্ড অব ট্রাস্টির পদত্যাগের দাবিতে আন্দোলন চালিয়ে আসছিলেন। এসব ট্রাস্টিজের বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতি ও নানা অজুহাতে চাকরিচ্যুত করার অভিযোগ ছিল।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) কর্মকর্তারা জানান, স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি থেকে তাদেরকে বিষয়টি জানানো হলে তারা শিক্ষা মন্ত্রণালয়কে তা অবহিত করবেন। এরপর সরকার নতুন একটি বোর্ড গঠন করে দেবে।  
সেক্ষেত্রে বর্তমান ও সাবেক শিক্ষার্থীদের কোনো সমস্যা হবে না।